
তারিখ ১৫ JUN 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# চাই শিক্ষাব্যবস্থার উন্নতি

শাহিন আলম



একটি জাতিকে মাথা উঁচু করে দাঁড়াতে সাহায্য করে শিক্ষা। যদি সেই শিক্ষাব্যবস্থা দুর্বল হয়, তাহলে কিভাবে জাতি মাথা উঁচু করে দাঁড়াবে? বাংলাদেশের শিক্ষাব্যবস্থা এমন যে হালবিহীন নৌকার মতো, যার কোনো গন্তব্য নেই। কিছুদিন হলো একটি টিভি চ্যানেল শিক্ষার্থীদের নিয়ে প্রতিবেদন তৈরি করেছে এবং বর্তমান শিক্ষার যে অবস্থা তা তুলে ধরেছে। প্রশ্ন হলো— তাহলে কি শিক্ষার্থীরা জ্ঞানশূন্য নাকি শিক্ষকরা? এর কোনো জবাব নেই। আসলে শিক্ষাব্যবস্থার সঙ্গে যারা জড়িত তাদের অবহেলার জন্য আজ শিক্ষার এ অবস্থা। মূলত আমরা যে পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের হাতে তুলে দিচ্ছি সেটা মানসম্মত কি না তা কি আমরা ভেবে দেখেছি? যখন শিক্ষক নিয়োগ দেওয়া হয় তখন লাখ লাখ টাকা ঘুষ নিয়ে অদক্ষ শিক্ষক নিয়োগ দেওয়া হয়। যারা পাঠদানে ব্যর্থ হয়। আসলে শিক্ষক নিয়োগে আরো সচেতন হওয়া দরকার।

বর্তমান অবস্থা থেকে বাংলাদেশকে বেরিয়ে আসতে হলে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতে হবে। বর্তমানে যে সব কোচিং সেন্টার চালু আছে সেগুলো বন্ধ করতে হবে। শিক্ষক নিয়োগে দুর্নীতি বন্ধ করতে হবে এবং যে সকল শিক্ষক কোচিং সেন্টারের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে নিতে হবে কঠোর ব্যবস্থা।

**বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর**